আজই আপনার শিশুকে টিকা দিন!
COVID-19 টিকাসমূহ 5 থেকে 17 বছর বয়সী শিশুদের জন্য উপলব্ধ।

একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে, **nyc.gov/vaccinefinder** এ যান অথবা 877-829-4692 এ কল করুন। আপনার শিশুর স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথেও কথা বলতে পারেন যে তারা টিকা প্রদান করছে কিনা। আপনার কোনো প্রশ্ন থাকলে, 212-268-4319 নম্বরে কল করুন।

- **টিকাগুলো নিরাপদ, কার্যকর ও বিনামূল্যের!** টিকা পাওয়ার জন্য আপনার স্বাস্থ্য বীমা থাকতে হবে না অথবা কাউকে আপনার অভিবাসন স্থিতি জানাতে হবে না। টিকা দেওয়া হচ্ছে আপনার সন্তানকে, পরিবারকে ও আপনার সম্প্রদায়কে COVID-19 থেকে বাঁচানোর সেরা উপায়। যুক্তরাষ্ট্রে 27 মিলিয়নেরও বেশি শিশুকে টিকা দেওয়া হয়েছে, যার মধ্যে রয়েছে NYC এর শিশুদের দুই-তৃতীয়াংশেরও বেশি।
- **শিশুদের ও বড়দের COVID-19 এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা একই রকম।** যুক্তরাষ্ট্রে 12 মিলিয়নেরও বেশি শিশু COVID-19 এ আক্রান্ত হয়েছে।
- **শিশুরা COVID-19 এর ফলে অত্যন্ত অসুস্থ হয়ে পড়তে পারে।** যুক্তরাষ্ট্রে 100,000 এরও বেশি শিশু হাসপাতালে ভর্তি হয়েছে, এবং 1,000 এরও বেশি মারা গেছে।
- **শিশুরা দীর্ঘস্থায়ী COVID এবং অন্যান্য জটিলতায় আক্রান্ত হতে পারে।**
- **শিশুরা অন্যদের মধ্যে COVID-19 ছড়াতে পারে**, এমনকি তাদের নিজেদের কোনো উপসর্গ না থাকলেও।

1। শিশুদের কতগুলো ডোজ প্রয়োজন হবে?

টিকাটির প্রাথমিকভাবে দুটি ডোজ প্রয়োজন হয়। কিছু শিশুর জন্য বুস্টার ডোজসমূহেরও সুপারিশ করা হয়।

2। টিকাটি যে নিরাপদ ও শিশুদের জন্য কাজ করে তা আমরা কীভাবে জানব?

টিকাটি হাজার হাজার শিশুদের মধ্যে গবেষণা করা হয়েছে এবং দেখা গেছে সেটি অত্যন্ত নিরাপদ এবং কার্যকর। প্রক্রিয়াটি মার্কিন যুক্তরাষ্ট্র খাদ্য এবং ওষুধ প্রশাসন, অন্যান্য সংস্থা এবং বেসরকারি বিশেষজ্ঞ দ্বারা অত্যন্ত মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করা হয়েছে। টিকাটি যুক্তরাষ্ট্রে লক্ষ লক্ষ শিশুদের প্রদান করা হয়েছে এবং গবেষণায় দেখা গেছে যে টিকাগুলো হাজার হাজার হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যুর ঘটনা প্রতিরোধ করেছে।

3। পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী? এতে কি ব্যথা লাগে?

শিশুরা বড়দের মতো একই পার্শ্ব প্রতিক্রিয়ায় ভোগে। টিকাটি নেওয়ার সময় তাদের অন্যান্য ইঞ্জেকশন নেওয়ার মতোই একটু ব্যথা লাগতে পারে। পরে, তাদের হাতে যেখানে ইঞ্জেকশনটি নেওয়া হয়েছে সেখানে ব্যথা থাকতে পারে, ক্লান্ত লাগতে পারে বা ব্যথা হতে পারে, মাথা যন্ত্রণা হতে পারে বা জ্বর আসতে পারে। শরীর যে প্রতিরক্ষা গড়ে তুলছে এগুলো তারই লক্ষণ। পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সাধারণত এক থেকে দুই দিন থাকে।

হৃৎপিণ্ডের প্রদাহ (মায়োকার্ডাইটিস) ও এর চারপাশের টিস্যুর প্রদাহ (পেরিকার্ডাইটিসের) সামান্য ঝুঁকি আছে। বেশিরভাগ মানুষই ওষুধ ও বিশ্রামের পর দ্রুত সেরে ওঠেন। গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ বিরল, এবং COVID-19 এর ঝুঁকি এর চেয়ে অনেক বেশি।



NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY

NYC

4। টিকা নিলে কি তা আমার শিশুর রজঃচক্রকে অথবা ভবিষ্যতে তাদের একটি সন্তান হওয়ার সম্ভাবনাকে (উর্বরতা) প্রভাবিত করতে পারে?

রজঃচক্রসমূহ অনেক কারণেই পরিবর্তিত হতে পারে, যেমন মানসিক চাপ, এবং ঘুম, খাবার ও জীবনযাত্রায় পরিবর্তন। একটি সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে যে কিছু মানুষ টিকাকরণের পর তাদের রজঃচক্রে স্বল্পস্থায়ী পরিবর্তন লক্ষ্য করেছেন (এক থেকে দুটি চক্র)। রজঃচক্রে স্বল্পস্থায়ী পরিবর্তনের ফলে উর্বরতাজনিত সমস্যার সৃষ্টি হয় না।

COVID-19 টিকার সাথে উর্বরতার সমস্যার সম্পর্ক বিষয়ে দাবীগুলোর সপক্ষে কোনো বৈজ্ঞানিক প্রমাণ নেই। গবেষণায় দেখা গেছে যে যারা COVID-19 টিকাসমূহ গ্রহণ করেছেন তারা টিকা না নেওয়া ব্যক্তিদের মত একই হারে সন্তান গ্রহণ করতে সক্ষম হয়েছেন। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র এবং অন্যান্য বিশেষজ্ঞরা বলেন যে ভবিষ্যতে সন্তান নিতে চান এমন ব্যক্তিদের জন্য টিকা নেওয়া নিরাপদ।

5। আমার পরিবারের কোনো ডাক্তার নেই। আমার কোনো প্রশ্ন থাকলে কাকে ফোন করব?

টিকাগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য, **nyc.gov/covidvaccine** এবং **cdc.gov/covidvaccine** দেখুন। আপনার প্রশ্ন থাকলে বা একজন NYC Health + Hospitals ডাক্তার খুঁজে পেতে আপনি **311** বা 212-268-4319 এ-ও কল করতে পারেন। অভিবাসন স্থিতি বা অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে পরিচর্যা দেওয়া হয়।

6। শিশুদের কি টিকা নিতে অনুমতির প্রয়োজন আছে? তাদের কি পরিচয়পত্র বা অন্য কোনো ডকুমেন্ট দরকার হবে?

হ্যাঁ। একজন পিতামাতা বা অভিভাবককে অবশ্যই সশরীরে উপস্থিত থেকে, ফোনে, বা লিখিতভাবে সম্মতি দিতে হবে। টিকাকরণ সাইটের কাছে তাদের আবশ্যকতার কথা জেনে নিন। 15 বছর ও তার কমবয়সী শিশুদের সাথে অবশ্যই একজন পিতামাতা বা অভিভাবক অথবা পিতামাতা বা অভিভাবকের নির্বাচিত একজন প্রাপ্তবয়স্ককে থাকতে হবে।

যদি বয়সের প্রমাণ, যেমন একটি পরিচয়পত্র বা জন্ম সনদ থাকে তাহলে তা নিয়ে আসুন। যদি না থাকে, তাহলে আপনি আপনার শিশুর বয়স সত্যায়িত করতে পারবেন।

7। আমার শিশুর একটি স্বাস্থ্যগত সমস্যা আছে। এর পরেও কি তাদের টিকা নেওয়া উচিৎ হবে?

হ্যাঁ। প্রকৃতপক্ষে, হাঁপানি, ডায়াবেটিস, স্থূলতা, এবং অন্যান্য স্বাস্থ্যগত সমস্যা আছে এমন শিশুদের জন্য টিকা নেওয়া আরো বেশি গুরুত্বপূর্ণ যেহেতু এই সমস্যাগুলো তাদের COVID-19 এর ফলে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি বৃদ্ধি করতে পারে। শুধুমাত্র যে কারণে কেউ টিকা নিতে অপারগ হতে পারে তা হল টিকার কোনো একটি উপাদানের প্রতি তাদের অ্যালার্জি থাকা।

8। শিশুদের কি টিকা থেকে COVID-19 হতে পারে?

না। যে ভাইরাসটি COVID-19 এর কারণ তা COVID-19 টিকাটির মধ্যে নেই।

9। আমার সন্তানের COVID-19 হয়েছিল। এর পরেও কি তাদের টিকা নেওয়া উচিৎ হবে?

হ্যাঁ। টিকা নিলে তা আবারও COVID-19 এ আক্রান্ত হওয়া এবং এবং যদি আপনি আক্রান্ত হন তাহলে অত্যন্ত অসুস্থ হওয়ার ঝুঁকি কমিয়ে প্রমাণিতভাবে বাড়তি সুরক্ষা প্রদান করে।

10। আমার সন্তান কি এটি অন্যান্য টিকার সাথে একই সময়ে নিতে পারবে?

হ্যাঁ। শিশুরা অন্যান্য টিকার সাথে একই সময়ে, অথবা তার আগে বা পরে যে কোনো সময়ে একটি COVID-19 টিকা নিতে পারবে।